অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩, উমেশদত্ত রোড, বকশিবাজার, ঢাকা।
www.prison.gov.bd

স্মারক নং - ৪৪.০৭.০০০০.০২৯.০৬.০০১.২০১৫- ৬২৮ (৭৫)

তারিখ : ০৪ অগ্রহায়ণ/১৪২২
১৮ নভেম্বর/ ২০১৫

বিষয় : **অর্থ বরাদ্দের চাহিদাপত্র যথাযথ কাগজপত্র/তথ্যাদিসহ প্রেরণ প্রসংগে।**

১। আপনার দপ্তর/কারাগারের কতিপয় খাতে অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণ কালে উপযুক্ত কাগজপত্র/প্রমানক সংযুক্ত না থাকা এবং "৪৭৭৭- প্রশিক্ষণ ভাতা" ও "৪৮৪০- প্রশিক্ষণ ব্যয়" খাতে বরাদ্দের প্রস্তাব যথাযথ/তথ্যবহুল না হওয়ায় অনুমোদনে জটিলতা দেখা দেয়। এই জটিলতা নিরসনকল্পে নিম্নোক্ত খাতসমূহে অর্থ বরাদ্দের প্রস্তাব প্রেরণকালে খাতের পার্শ্বে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই সংযুক্তি আকারে এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো ঃ-

| নং | কোড নম্বর ও খাতের নাম | প্রস্তাবিত খাতের সাথে সংশ্লিষ্ট কাগজপত্রের বিবরণ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | ৪৭৭৭- প্রশিক্ষণ ভাতা | প্রশিক্ষণার্থীর মনোনয়নপত্র, প্রশিক্ষণ সমাপ্তির ছাড়পত্র, প্রদেয় ভাতার পরিমান, প্রশিক্ষকের সম্মাণী ইত্যাদি সংক্রান্ত কাগজপত্র। |
| ২ | ৪৮৪০- প্রশিক্ষণ ব্যয় | প্রশিক্ষণের নিমিত্ত ক্রয়কৃত/ক্রয়তব্য প্রশিক্ষণ সামগ্রীর নামের তালিকাসহ বিল/ভাউচার এবং মনোনীত প্রশিক্ষণার্থীদের কোর্স ফি ইত্যাদি সংক্রান্ত কাগজপত্র। |
| ৩ | ৪৯০১- মোটর যানবাহন | সংশ্লিষ্ট মোটর যানবাহন স্থানীয় 'বিআরটিএ' কর্তৃক মেরামতে অসমর্থ সংক্রান্ত সনদ (মেরামতের ধরণ ও প্রয়োজনীয় যন্ত্রাংশের নাম উল্লেখপূর্বক এর মূল্য সংক্রান্ত বিল/ভাউচারের কপিসহ) এবং প্রয়োজনীয় কাগজপত্র। |

২। বর্ণিত খাতসমূহে অর্থ বরাদ্দের প্রস্তাবনা প্রেরণে কোনরূপ গড়মিল/ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর বিরূপ মনোভাব পোষণ করা হবে।

(এ,কে,এম,ফজলুল হক)
কারা উপ মহাপরিদর্শক (সঃ দঃ)
পক্ষে-কারা মহা পরিদর্শক।
ফোন- ৭৩০০৪০০(দপ্তর)।

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। জেল সুপার, সকল জেলা কারাগার।

Sanc. (4883)

মোঃ মোকাম্মেল হোসেন
জেলার
মৌলভীবাজার জেলা কারাগার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২।

নং স্বঃমঃ(কারা-২)বিবিধ-১৮/২০০৪/৪১৯

তারিখঃ ৮-৭-২০০৮

প্রেরক ঃ মোঃ মিজানুর রহমান
উপ-সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয় ঃ **কারা বিভাগের বিভিন্ন দপ্তর ও কারাগারে স্থায়ী অগ্রিম (পিএ) খাতে অর্থ বরাদ্দ/বৃদ্ধিকরণ প্রসংগে।**

সূত্র ঃ ১। কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/বাজেট-১১৮/২০০৪-২০০৫/৯০৮, তারিখঃ ২৮-৩-২০০৬
২। অর্থ মন্ত্রণালয়ের নম্বর অম/অবি(ব্যঃ নিঃ-১)/অগ্রিম-১/২০০২/৯৪, তারিখঃ ০৯-০৪-২০০৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট জানানো যাইতেছে যে, কারা অধিদপ্তরের বিভিন্ন দপ্তর/ কারাগারসমূহের জন্য স্থায়ী অগ্রিম (পিএ) খাতে বরাদ্দ উন্নীত করণের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ২৮-৫-২০০৮ তারিখের ৩২২ নম্বর মঞ্জুরী আদেশ বাতিল করতঃ নিম্নোক্তভাবে সংশোধিত সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি ঃ-

| ক্রমিক নং | দপ্তর/কারাগারের নাম | স্থায়ী অগ্রিম/পিএ খাতে উন্নীত বরাদ্দ (টাকায়) |
|---|---|---|
| ১ | ২ | ৪ |
| ১। | কারা উপ মহা পরিদর্শক এর দপ্তর ঢাকা/চট্টগ্রাম/ কুমিল্লা/ রাজশাহী/ খুলনা/ বরিশাল। | ১,০০০/- |
| ২। | ঢাকা কেন্দ্রীয় কারাগার। | ৫০,০০০/- |
| ৩। | কেন্দ্রীয় কারাগার, কাশিমপুর-১/কাশিমপুর-২/চট্টগ্রাম/ কুমিল্লা/সিলেট/রাজশাহী/ ময়মনসিংহ/রংপুর/যশোহর/ বরিশাল। | ১০,০০০/- |
| ৪। | জেলা কারাগার, গাজীপুর/ নোয়াখালী/ খুলনা/ফরিদপুর/ টাঙ্গাইল/নরসিংদী/ নারায়নগঞ্জ/ পাবনা/বগুড়া/ দিনাজপুর/ কুষ্টিয়া/ পটুয়াখালী। | ৫,০০০/- |
| ৫। | জেলা কারাগার, পঞ্চগড়/ ঠাকুরগাঁও/ নওগাঁ/ নাটোর/ নবাবগঞ্জ/জয়পুরহাট/ গাইবান্ধা/ নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/ সিরাজগঞ্জ/নেত্রকোনা/ জামালপুর/ শেরপুর/শরিয়তপুর/মাদারীপুর/ রাজবাড়ী/ গোপালগঞ্জ/ মৌলভীবাজার/ সুনামগঞ্জ/ হবিগঞ্জ/ কক্সবাজার/ রাঙ্গামাটি/ বান্দরবান/ খাগড়াছড়ি/ ব্রাহ্মনবাড়িয়া/ চাঁদপুর/ লক্ষীপুর/ ফেনী/ঝালকাঠি/ পিরোজপুর/ ভোলা/বরগুনা/ বাগেরহাট/ সাতক্ষীরা/ ঝিনাইদহ/মাগুড়া/নড়াইল/চুয়াডাঙ্গা/মেহেরপুর। | ২,০০০/- |

২। এ বাবদ যাবতীয় ব্যয় কারা অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত হতে মিটানো হবে।

অঃ পৃঃ দ্রঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং- [illegible]-১৮/২০০৪/৪০১(৬৬) তাং- ০২-৭-২০০৫ ইং

প্রেরক : কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক / তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় / জেলা কারাগার।

বিষয় : আবাসিক টেলিফোনের ব্যয়সীমা নির্ধারণ প্রসংগে।

সূত্র : সংস্থাপন মন্ত্রণালয়ের স্মারক নং- সম (প্রঃ-২)-৩১/৯৩-৭৫৪ তাং- ২৩/১২/০৪ এবং আপনার নিকট প্রেরিত এ অধিদপ্তরের স্মারক নং- কিডি/টি এল-১/২০০৪/১৪৮(৭০) তাং- ২২/৩/২০০৫ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে উল্লেখিত স্মারকের প্রেক্ষিতে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত সরকারী টেলিফোন নীতিমালা ১৯৯৩ বাতিল করে সমন্বিত সরকারী টেলিফোন নীতিমালা ২০০৪ জারী করা হয়েছে যাহা ২৩/১২/২০০৪ ইং তারিখ হতে কার্যকরী। উক্ত নীতিমালার পৃষ্ঠা নং- ১৩ ও ১৪ এর অনু- ৮- এ "আবাসিক টেলিফোনের ব্যয় সীমা" শিরোনামে বর্ণিত অনুচ্ছেদে কর্মকর্তাদের নাম ও পদবী অনুযায়ী মাসিক কল সীমা পুনঃ নির্ধারিত হয়েছে। কারা বিভাগের কর্মকর্তাদের আবাসিক টেলিফোনের ক্ষেত্রে যাহা নিম্নরূপ হারে কল সুবিধা প্রযোজ্য :-

ক) কারা মহা পরিদর্শক - কল সীমা নাই।
খ) অতিঃ কারা মহা পরিদর্শক - ১২০০ কল।
গ) কারা উপ-মহা পরিদর্শক - ১০০০ কল।
ঘ) সিনিয়র তত্ত্বাবধায়ক ও তত্ত্বাবধায়ক - ৮০০ কল।
ঙ) প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তা - ৬০০ কল।

উল্লেখ্য যে, কারা অধিদপ্তরের টেলিফোন সমূহের বিপরীতে জুলাই / ০২ মাস হতে প্রাপ্ত টেলিফোন বিল সমূহ হতে প্রতীয়মান হচ্ছে যে, টেলিফোন বিভাগ কর্তৃক প্রতিটি লোকাল কল ১.৫০ টাকা হিসাবে ধার্য করে বিল দাখিল করেছেন। ইহাতে দেখা যায় যে, টেলিফোন বিভাগ কর্তৃক প্রতিকলে (লোকাল) ০.২০ টাকা হ্রাস করে পূর্ব নির্ধারিত ১.৭০ টাকার স্থলে ১.৫০ টাকা ধার্য করা হয়েছে। ফলে কর্মকর্তাদের আবাসিক টেলিফোনের ব্যয়ের পরিমাণ ও আনুপাতিক হারে হ্রাস/ বৃদ্ধি পেয়েছে।

অতএব, সরকারী আবাসিক টেলিফোন নীতিমালা- ২০০৪ এর নির্দেশ মোতাবেক নিম্নে বর্ণিত কর্মকর্তাদের বিপরীতে আবাসিক টেলিফোনের ব্যয় সীমা পুনঃ নির্ধারণ করে সংশ্লিষ্ট সকলের সুবিধার্থে দেখানো হ'ল। আবাসিক টেলিফোন ব্যবহার বিষয়ে প্রদর্শিত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ রাখার / রাখার বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল।

সংযুক্তঃ

এক্ষণে উল্লেখ করা প্রয়োজন যে, দাপ্তরিক টেলিফোনের ব্যয়সীমা নির্ধারণ প্রসঙ্গে কারা অধিদপ্তরের স্মারক নং- প্রিজ/অডিট-১৮/২০০২/২০৭(৬৫) তাং- ০১/১/২০০০ ইং এর আদেশটি এতদ্বারা বাতিল করে নিম্নরূপ ব্যয়সীমা নির্ধারণ করা হ'ল এবং উহা ১লা জানু/২০০০ তারিখ হতে কার্যকরী বলে গণ্য হবে।

সরকারী দাপ্তরিক টেলিফোন নীতিমালা- ২০০০ এর নির্দেশানুযায়ী ব্যয়সীমা নিম্নরূপ :

ক) অতিঃ কারা মহা পরিদর্শক = ১২০০ কল x ১.৫০/- টাকা = ১৮০০/- টাকা + লাইন রেন্ট - ১৫০/- টাকা = ১৯৫০/- টাকা + ১৫% ভ্যাট = ২৯২/৫০ টাকা = ২২৪২/৫০ টাকা।

খ) কারা উপ-মহা পরিদর্শক = ১০০০ কল x ১.৫০/- টাকা = ১৫০০/- টাকা + লাইন রেন্ট = ১৫০/- টাকা = ১৬৫০/- টাকা + ১৫ % ভ্যাট = ২৪৭/৫০ টাকা = ১৮৯৭/৫০ টাকা

গ) সিনিয়র জেল সুপার / জেল সুপার = ৮০০ কল x ১.৫০/- টাকা = ১২০০/- টাকা + লাইনরেন্ট = ১৫০/- টাকা = ১৩৫০/- টাকা + ১৫% হারে ভ্যাট = ২০২/৫০টাকা = ১৫৫২/৫০ টাকা।

ঘ) প্রাধিকার প্রাপ্ত অন্যান্য সকল কর্মকর্তা : ৬৫০ কল x ১.৫০/- টাকা = ৯৭৫/- টাকা + লাইনরেন্ট = ১৫০/- টাকা = ১১২৫/- টাকা + ১৫ % হারে ভ্যাট = ১৬৮/৭৫ টাকা = ১২৯৩/৭৫ টাকা।

উক্ত ব্যয়সীমার মধ্যে সীমাবদ্ধ থেকে টেলিফোন ব্যবহারের জন্য সকলকে অনুরোধ করা হলো।

আদেশটি যথাযথভাবে পালন করার জন্য অনুরোধ করা হলো।

০২/৭/০৫

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং- প্রিজ/অডিট-১৮/২০০৫/৪০৯/১(১৬) তাং- ০২/৭/০৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল :-

১। অতিঃ কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সমস্ত দপ্তর।
৩। কারা উপ-মহা পরিদর্শক, (সংস্থাঃ) কারা অধিদপ্তর, ঢাকা।
৪। সহকারী কারা মহা পরিদর্শক, উন্নয়ন / অর্থ / প্রশাসন, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত সহকারী, অডিট শাখা / প্রশাসন শাখা / বাজেট শাখা / ইমারত শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। কারা মহা পরিদর্শক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। গার্ড ফাইল।

০২/৭/০৫

মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

রফিকুল আমিন/

অতীব জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক কারাপিডি/অডিট-২/৯১/১৪ (৭৬)

তারিখঃ ২৭/৭/৯২ ইং।
১৩/৪/৯৯ বাং।

প্রেরক : কর্ণেল মোঃ ইস্কান্দার হোসেন
মহা কারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : ১। উপ-মহা কারা পরিদর্শক,
সকল বিভাগ,
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক,
সকল জেলা কারাগার/উপ-কারাগার/উপজেলা কারাগার।

বিষয় : ডেড ষ্টকের মালামাল ব্যক্তিগত ব্যবহার প্রসংগে।

বিভিন্ন কারাগারের হিসাব নিরীক্ষা ও মজুদ দ্রব্যাদি পরীক্ষায় ইহা প্রত্যক্ষ করা গিয়াছে যে, কারাগারে উৎপাদিত সরকারী ডেড ষ্টকের মালামাল কারা কর্মকর্তা ও কর্মচারীদের বাসায় ব্যাপক হারে ব্যবহার করা হইতেছে। ইহাতে সরকারী সম্পত্তি-তথা-অর্থের বিপুল ক্ষতি সাধন করা হইতেছে।

কারাগারে উৎপাদিত সরকারী সকল প্রকার ডেড-ষ্টক সামগ্রী কারা কর্মকর্তা ও কর্মচারীদের বাসায় ব্যক্তিগত ব্যবহার বিষয়ে কারা বিধিতে কোন আইনগত বিধি বিধান নাই এবং এ বিষয়ে সরকারী কোন আদেশ নির্দেশও ছিল না এবং আদৌ নাই। ডেড-ষ্টকের কোন প্রকার সামগ্রীই যেন কর্মকর্তা ও কর্মচারীদের বাসায় ব্যক্তিগত ব্যবহারের অন্তর্ভুক্ত নহে কাজেই জন স্বার্থে সরকারী সম্পত্তির অপব্যবহার রোধ, ঐগুলির সুষ্ঠু রক্ষণাবেক্ষণ এবং সঠিক হিসাব সংরক্ষনের নিশ্চয়তা বিধান একান্ত প্রয়োজন।

অতএব, কারা কর্মকর্তা ও কর্মচারীদের বাসায় ডেড-ষ্টকের সকল প্রকার সামগ্রীর ব্যবহার বাধ্যতামূলকভাবে জরুরী ভিত্তিতে পরিহার করার জন্য অনুরোধ করা যাইতেছে। অন্যথায় বিধি মোতাবেক দায়ী ব্যক্তির/ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হইবে।

উল্লেখ্য যে ইতিপূর্বে কারা কর্মকর্তা ও কর্মচারীদের বাসায় কারাগুদাম হইতে যে সকল ডেড-ষ্টক সামগ্রী ব্যক্তিগত ব্যবহারের জন্য নেওয়া হইয়াছে সেই সকল সামগ্রী ফেরৎ গ্রহন করা হইয়াছে - এই মর্মে স্বীকারোক্তি সহ অত্র স্মারকের প্রাপ্তি স্বীকার করার জন্যও অনুরোধ করা যাইতেছে।

অত্র সিদ্ধান্ত অনতিবিলম্বে কার্যকরী বলিয়া গন্য হইবে।

মোঃ ইস্কান্দার হোসেন
কর্ণেল
মহা কারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।
ফোন : ২৩ ৩৩ ৬২ (দপ্তর)।

নকি, ১৩-০৩-৯২ ইং।

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর,
ঢাকা।

স্মারক নং- পিডি/পি এন্ড এস-২৪/২০০৩/২১৮৩ তাং-৩১ অক্টোবর/০৩

প্রেরক : কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : তত্ত্বাবধায়ক,
ভোলা জেলা কারাগার।

বিষয় : ডেডষ্টক মালামাল অকেজো ঘোষনা প্রসংগে।

সূত্র : আপনার স্মারক নং- ১১৮/অংশঃ তাং- ৫/৯/২০০৩ ইং।

ভোলা জেলা কারাগারের ব্যবহার অযোগ্য ১৪ (চৌদ্দ) প্রকার ডেডষ্টক মালামাল অকেজো ঘোষনার প্রস্তাব করা হয়েছে। ১৪ প্রকার অকেজো ডেডষ্টক দ্রব্যের বর্তমান মূল্য ১৩,৫২১/৯২ টাকা। আর্থিক ক্ষমতা মোতাবেক কারা তত্ত্বাবধায়ক ৩০,০০০/০০ (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত ডেডষ্টক মালামাল অকেজো ঘোষনা করতে পারেন। এ বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

৩১/১০/০৩
(মোঃ আতাউর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশা)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

স্মারক নং- পিডি/পি এন্ড এস -২৪/২০০৩/২১৮৩/১ তাং- অক্টোবর/০৩

অনুলিপি কারা উপ-মহা পরিদর্শক, খুলনা ও বরিশাল বিভাগ, সদর দপ্তর, যশোহর এর অবগতির জন্য প্রেরন করা হ'ল।

(মোঃ আতাউর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশা)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

মাহবুবআমিন
৩১/১০/০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন -১

নং-Mis(T&O)-05/11/Immi-1/231 — ১৫ মার্চ ২০১১

পরিপত্র

বিষয় : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন নন-ট্যাক্স রেভিনিউ আইটেমসমূহের রেট নির্ধারণ/পুনঃনির্ধারন প্রসঙ্গে

সূত্র : ক. স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বহিরগামন শাখা-৩ এর স্মারক নং-বিবিধ-১০/২০০২(বহি-৩)/১০৬৫; ১৪.০৭.০২
খ. অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৪৩.০৫৪.০২.০০.০৭১.১৯৯৯-১৫; ০২.০২.২০১১

উপর্যুক্ত বিষয়ে এ মন্ত্রণালয় কর্তৃক ইতপূর্বে জারীকৃত 'ক' নং সূত্রে বর্ণিত পরিপত্রটির নিম্নরূপ সংশোধন/সংযোজন করা হ'ল-

ক. নাগরিকত্ব সংক্রান্ত আইটেমসমূহের ফি ঃ

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ০১. | বৈবাহিক অবস্থার সনদ | ৭০০/- |
| ০২. | পুলিশী প্রত্যয়নপত্র (পিসিসি) | ৫০০/- |
| ০৩. | নাগরিকত্ব পরিত্যাগ | ৫০০০/- |
| ০৪. | দ্বৈত নাগরিকত্ব অর্জন | ৫০০০/- |
| ০৫. | সাধারণ নাগরিকত্ব অর্জন | ৪০০০/- |
| ০৬. | মন্ত্রণালয় কর্তৃক দলিলাদির সত্যায়ন (বহিরাগমনের উদ্দেশ্যে) | ২০০/- |
| ০৭. | স্থায়ী নিবাসকরণের আবেদন | ৭০০০/- |
| ০৮. | আইনানুগ অভিভাবকের তত্ত্বাবধানে নাবালক সন্তানের বিদেশ গমণের অনাপত্তি পত্র | ১০০০/- |

খ. আংগুলের ছাপ পরীক্ষণ ও আলোকচিত্র গ্রহণ সংক্রান্ত আইটেমসমূহের ফি ঃ

| ক্রম | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|
| ০১. | বিশারদ কর্তৃক (অংগুলাংক পরীক্ষা) মতামত প্রদান বাবদ (প্রতিটি মামলা) | ৫০০/- |
| ০২. | ফিংগার প্রিন্টের প্রতিটি বর্ধিত আলোকচিত্র গ্রহণ ও সরবরাহ বাবদ | ৪০/- |
| ০৩. | বিদেশগামীদের আংগুলের ছাপ গ্রহণ বাবদ (প্রতি সেট) | ৫০০/- |
| ০৪. | বিশারদ কর্তৃক (হস্তলিপি পরীক্ষা) মতামত প্রদান বাবদ ফিস (প্রতি মামলা) | ৫০০/- |
| ০৫. | হস্তলিপি প্রতিটি বর্ধিত আলোকচিত্র গ্রহণ ও সরবরাহ বাবদ | ৫০/- |

০২. বর্ণিত সকল আইটেমসমূহের ফি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অর্থনৈতিক কোড নং-১-২২০১-০০০১-২৬৮১ এর অনুকূলে প্রদেয়/আদায়যোগ্য হবে।

০৩. বর্ণিত সংশোধন/সংযোজনের বিষয়ে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

০৪. জনস্বার্থে এ আদেশ জারী করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১৫.০৩.১১

(ড. শাহিদা আকতার)
উপসচিব
ফোন-৭১৬৮৬৬১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং- পিডি/অডিট-১৮/২০০৬/ ,৩৭২(৬৬) তাং- ২৮/৯/০৬ ইং

প্রেরক : কারা মহা পরিদর্শক,
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক : সিনিয়র তত্ত্বাবধায়ক / তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় / জেলা কারাগার।

বিষয় : পানি, পয়ঃ ও পৌরকর কর্তন প্রসংগে।

সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাইতেছে যে, স্থানীয় ও রাজস্ব হিসাব নিরীক্ষা দল কর্তৃক পরিচালিত নিরীক্ষা প্রতিবেদনে বিভিন্ন কারাগারের বিপরীতে পানি, পয়ঃ ও পৌরকর কর্তন বিষয়ে আপত্তি উৎথাপিত হইয়াছে। উৎথাপিত আপত্তি নিরসন কল্পে সরকারী কর্মকর্তা / কর্মচারীদের নামে বরাদ্দকৃত বিভিন্ন শ্রেণীর সরকারী আবাসন সমূহের পানি, পয়ঃ ও পৌরকর কর্তন সংক্রান্তে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, শাখা-২ এর প্রজ্ঞাপন নং- শাখা-২/২ এম-৯/৯৩ তারিখ- ০১/৩/৯৫ ইং এর কপি এতদসংগে সংযোজন করা হইল।

উক্ত সংযুক্তিতে বর্নিত সরকারী বিভিন্ন শ্রেণীর আবাসনের বিপরীতে নির্ধারিত হারে পানি, পয়ঃ ও পৌরকর মাসিক বেতন বিল হইতে কর্তনের জন্য অনুরোধ করা হইল।

অত্র স্মারকের প্রাপ্তি স্বীকারে অনুরোধ করা হইল।

২৮/৯/০৬
মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক,

স্মারক নং- পিডি/অডিট-১৮/২০০৬/৩৭২(৬৬)/১(২০) তাং- ২৮/৯/০৬ ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল :-

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
উপরোল্লিখিত নির্দেশ যাহাতে যথাযথ ভাবে প্রতিপালন করা হয় সে ব্যাপারে তদারকি করার জন্য অনুরোধ করা হইল।

২। কারা উপ-মহা পরিদর্শক, (সঃদঃ), কারা অধিদপ্তর, ঢাকা।

৩। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৪। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

২৮/৯/০৬
মোঃ সিরাজুল করিম
কর্ণেল
অতিঃ কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

রুহুল আমিন/
২৮/৯/০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
শাখা-২।

নং- শাখা-২/২ এন-৯/৯৩/ তারিখ- ০১/০৩/৯৫ ইং

" প্রজ্ঞাপন "

সরকারী কর্মকর্তা / কর্মচারীদের নামে বরাদ্দকৃত বিভিন্ন শ্রেণীর সরকারী আবাসন সমূহের জন্য পানিকর, পয়ঃকর ও পৌরকর নির্ধারণ সংক্রান্ত ১৯-৩-৯৩ ইং তারিখের স্মারক নং- সা-২/২ এম-৯/৯৩/১৯৭ এর অনুবৃত্তিক্রমে সরকারের সংরক্ষিত তালিকাভুক্ত পরিত্যক্ত ভবন সমূহের বিভিন্ন শ্রেণীর আবাসনের জন্য এতদ্বারা নিম্নলিখিত হারে পানিকর, পয়ঃকর ও পৌরকর নির্ধারিণ করা হইল । এই আদেশ ১-৩-৯৫ ইং তারিখ হইতে কার্যকর হইবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীদের মাসিক বেতন বিল হইতে কর্তন করা হইবে ঃ-

| ক্রঃনং | বাসার শ্রেণী বিন্যাস | পানি কর | পয়ঃ কর | পৌর কর |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | বাংলো শ্রেণী | ১২০/- | ১২০/- | ৫০/- |
| ২। | সুপিরিয়র শ্রেণী | ৯০/- | ৯০/- | ৫০/- |
| ৩। | " এফ " শ্রেণী | ৭৫/- | ৭৫/- | ৪০/- |
| ৪। | " ই " শ্রেণী | ৬০/- | ৬০/- | ৩০/- |
| ৫। | " ডি " শ্রেণী | ৫০/- | ৫০/- | ৩০/- |
| ৬। | " সি " শ্রেণী | ৪০/- | ৪০/- | ৩০/- |
| ৭। | " বি " শ্রেণী | ৩০/- | ৩০/- | ৩০/- |
| ৮। | " এ " শ্রেণী | ~~২৫~~ ২০/- | ২০/- | ২০/- |

ইহা অর্থ মন্ত্রণালয়ের ০৯-২-৯৫ ইং তারিখের সম্মতি ক্রমে জারী করা হইল ।

স্বাক্ষরিত/-
( এ, ডব্লিউ চৌধুরী )
যুগ্ম- সচিব (প্রশাসন )

Government of the People's Republic of Bangladesh
Prisons Directorate, Dhaka.

Memo.No.IGPrs/MD-4/84/167(58) dated 12 Feb.'85.

From - Col. Maksul Hussain Choudhury,
Inspector General of Prisons, Bangladesh.

To - The D.I.G. of Prisons- all Divisions,
The Superintendents of all District &
Sub-Jails.

Sub - Disposal of un-serviceable dead stock articles, blankets and other items.

It has been observed by the undersigned during the visits of many of the Jails that huge quantities and numbers of the above mentioned items have been lying in the godown of the Jails for years together. Those have not only been creating problems in cleanliness of the godown but also poluting the atmosphere of the Jails. This should not be allowed to be continued any longer.

It is, therefore, requested that inventory sheet of the declared un-serviceable dead stock articles, blankets and other items be prepared immediately and disposed of by inviting tenders on or before the 31st May'85 at the latest with a compliance report to this office in due course.

In maintaining the accounts of dead stock articles the provisions of Rule 1373, of Jail Code Vol-I should strictly be followed and proposal for declaring the dead stock articles condemned when become un-serviceable with due certificate as per Jail Code Rules in due course so that there may not be any huge stock of such unserviceable articles in the godown of the Jail.

The un-serviceable blankets should be disposed of as per rule 1178 of Jail Code Volume - I.

The receipt of the Memo. may please be acknowledged.

12.2.85

Col.
( Maksul Hussain Choudhury )
Inspector General of Prisons
Bangladesh.
Phone - Office : 23 33 32.

M.Rahman.
12.2.85/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩,উমেশ দত্ত রোড,বকশিবাজার,ঢাকা।
www.prison.gov.bd

স্মারক নং -৪৪.০৭.০০০০.০২৯.০৬.০০৩.২০১৫- ১৮২ (৭৭)

তারিখ ঃ ১৯ শ্রাবণ/১৪২২
০৩ আগস্ট/২০১৫

বিষয় ঃ **বরাদ্দকৃত বাজেটের সুষ্ঠু/যথাযথ ব্যবহার এবং সঠিকভাবে হিসাব নিরূপণ করতঃ চাহিদা প্রেরণ সংক্রান্ত।**

১। অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জানানো যাচ্ছে যে, কারা অধিদপ্তর হতে ইতোমধ্যেই ২০১৫-১৬ অর্থ বছরে চাহিদা মোতাবেক ১ম ষান্মাসিকের জন্য বাজেট বরাদ্দ করা হয়েছে। বাজেটে বরাদ্দকৃত অর্থ খরচের বিষয়ে বিগত ০৫-৭-২০১৫খ্রিঃ কারা মহাপরিদর্শক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত পাক্ষিক সমন্বয় সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

> " কিছু কিছু কারাগারের ক্ষেত্রে দেখা যায় যে, কারাগারের বিপরীতে বরাদ্দকৃত অর্থ সময়মত সঠিকভাবে খরচ না করে ফেরত দিচ্ছে; তাতে সরকারের কাছ থেকে পরবর্তী আর্থিক বছরে বাজেট প্রাপ্তিতে সমস্যার সম্মুখীন হতে হয়। এ ধরনের পরিস্থিতি হতে উত্তরণের লক্ষ্যে কারাগারের জন্য বরাদ্দকৃত টাকার বরাদ্দ আদেশ প্রাপ্তির পর তত্ত্বাবধায়ক, জেলার এবং সংশ্লিষ্ট কর্মচারিদেরকে নিয়ে সমন্বয় সভা করতঃ বরাদ্দকৃত অর্থ খরচের প্রাক-প্রস্তুতি গ্রহনের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়কগণকে নির্দেশ প্রদানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।"

২। উপরোক্ত নির্দেশনা মোতাবেক কার্যকরী ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, নীট মঞ্জুরী প্রস্তাব প্রেরনকালে প্রতিটি খাতের বিলের প্রাপ্যতা নিরূপণ করতঃ সঠিকভাবে প্রস্তাব প্রেরন করতে হবে; যাতে নীট মঞ্জুরীর পর যে কোন খাতে অস্বাভাবিক অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন না হয় অথবা অর্থ উদ্বৃত্ত না থাকে। এক্ষেত্রে কোনরূপ ব্যত্যয় পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।

৩/৮/২০১৫
(এ,কে,এম জহির উদ্দিন বাবর)
সহকারী কারা মহা পরিদর্শক(অর্থ)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

১। কারা উপ মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৪। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর,ঢাকা।
৫। শাখা প্রধান, প্রশাসন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

B-589-sa..

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা-২

নং- ৩(৩)/২০০৮-স্বঃমঃ (প্রশা-২)/ ৪৬৫ তারিখ ঃ ১৩/০৬/২০১০খ্রিঃ।

বিষয় ঃ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়কে "অগ্রাধিকার প্রাপ্ত মন্ত্রণালয়" হিসেবে ঘোষনা এবং অত্র মন্ত্রণালয়ের প্রস্তাবসমূহ "বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার" হিসেবে গণ্য করা প্রসংগে।

সূত্র ঃ প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ৩২.৬৪.১৬.০০.০০.০১.২০১০(অংশ)-৯৩(৪৯), তারিখঃ ২২/০৪/২০১০খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের অনুলিপি সদয় অবগতির জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সিলেট কেন্দ্রীয় কারাগার

(মোঃ শহীদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯৭২৪।

১। মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ সদর দপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ রাইফেলস, ঢাকা
৩। মহাপরিচালক, আনসার ও ভিডিপি অধিদপ্তর, ঢাকা।
৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর,ঢাকা।
৬। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা।
৭। মহপরিচলক, কোস্টগার্ড অধিদপ্তর,ঢাকা।
৮। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-পিডি/ওইটি-৩৩/২০১০/ ৬৪৬ তারিখঃ ২৭-০৬-২০১০খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ-

১। কারা উপ-মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত সহকারী, ইমারত শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

২৭/৬/১০
(মোঃ সিদ্দিকুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক(প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

**কারা উপ মহা পরিদর্শকের কার্যালয়**
**চট্টগ্রাম ও সিলেট বিভাগ, সদর দপ্তর, কুমিল্লা।**

স্মারক নং-কুম/বিদ্যুৎ-১/২০১০/ ২৬০৭ (১৫) তারিখ- ০৪ জুলাই/২০১০ ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র জেল সুপার/জেল সুপার, সিলেট, কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবরে প্রেরণ করা হল।

৪/৭/২০১০
(মোঃ ফজলুর রহমান)
কারা উপ-মহা পরিদর্শক
চট্টগ্রাম ও সিলেট বিভাগ
সদর দপ্তর, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা

স্মারক নং পিডি/বি-মেরামত/২০০৮-০৯/৬৪০ তারিখঃ ০৭-৫-২০০৯ খ্রিঃ

বিষয় ঃ **অত্যাবশ্যকীয় দৈনন্দিন মেরামত কাজের জন্য বিভাজনকৃত অর্থ দ্বারা সম্পাদিত কাজের ব্যয় বিবরণী/ভাউচারের কপি প্রেরণ**

সূত্র ঃ কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/মেরামত-সকল/২০০৮-০৯/৩৮৩ তারিখঃ ০৭-৫-২০০৯ খ্রিঃ

১। ২০০৮-২০০৯ অর্থ বছরে বিভিন্ন কারাগারের অনুকূলে অত্যাবশ্যকীয় দৈনন্দিন মেরামত কাজের জন্য বিভাজনকৃত অর্থ দ্বারা সম্পাদিত কাজের ব্যয় বিবরণী/ভাউচারের কপি স্থানীয় কারা কর্তৃপক্ষের প্রত্যয়ন গ্রহণান্তে কারা অধিদপ্তরে প্রেরণের অনুরোধ করা হলো।

২। চাহিত ব্যয় বিবরণী/ভাউচারের কপি পাওয়া না গেলে পরবর্তীতে এ খাতে অর্থ বিভাজনের বিষয়টি বিবেচনায় নেওয়া হবে না।

৭/০৫/০৯

(মোঃ আলতাব হোসেন)
সহকারী কারা মহা পরিদর্শক(উন্নয়ন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

নির্বাহী প্রকৌশলী
গণপূর্ত বিভাগ ..........................।

অনুলিপি

~~সিনিয়র তত্ত্বাবধায়ক~~/ তত্ত্বাবধায়ক
~~কেন্দ্রীয়~~/জেলা কারাগার।

বিভাজনকৃত অর্থ দ্বারা তার কারাগারে অত্যাবশ্যকীয় দৈনন্দিন মেরামত কাজ যথাযথভাবে সম্পাদন হয়েছে মর্মে কারা অধিদপ্তরের স্মারক নং পিডি/বি-৬/৯৯/১৫৩(১৫৪) তারিখঃ ৩১-৩-২০০২ খ্রিঃ এর মাধ্যমে গঠিত কমিটি কর্তৃক নিশ্চিত হওয়ার পর ব্যয় বিবরণী/ভাউচারে প্রত্যয়ন করতে অনুরোধ করা হলো।

| কারা অধিদপ্তর, ঢাকা | |
|---|---|
| কা ম প | |
| অতিঃ কা ম প | |
| কা উ ম প (সঃ দঃ) | |
| স কা ম প | |
| তারিখঃ ৮-৪-২০১০ | |
| প্র স | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা শাখা-২।

স্মারক নং স্বঃমঃ(কারা-২)১পি-২৬/৮৯/১৮০

বিষয় ঃ **স্থানান্তরকালে (In transit) কারা বন্দীদের খোরাকী ভাতা প্রতিদিন ৪×২=৮/- টাকার স্থলে ১৬/- টাকায় উন্নীতকরণ প্রসংগে।**

সূত্র ঃ অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং অম/অবি/প্রবিধি-৩/বিভা-২/২০০৭/৩৮৫, তারিখঃ ৩১-৩-২০১০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ হতে প্রাপ্ত পত্র এতদসংগে প্রেরণ করা হলো।

২। বর্ণিতাবস্থায়, বিবেচ্যপত্রটির উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(রুখসানা হাসিন) ৮/৪/১০
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭১৭০৩

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর, ঢাকা।

কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক সংখ্যা পিডি/পরি-ডিটি-২/২০১০/১১২৯(৮২) তারিখ ঃ ২৬-৪-২০১০ খ্রিঃ

অনুলিপি সংযুক্তিসহ (অপর পৃষ্টায়) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ,সকল সদর দপ্তর।

২ সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

৩। সহকারী কারা মহা পরিদর্শক,প্রশাসন/উন্নয়ন/অর্থ
কারা অধিদপ্তর, ঢাকা

৪। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যাবিদ
কারা অধিদপ্তর, ঢাকা।

৫। ভারপ্রাপ্ত সহকারী,
বাজেট/প্রশাসন/অডিট শাখা কারা অধিদপ্তর, ঢাকা।

(মোঃ সিদ্দিকুর রহমান) ২৮/৪/১০
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।
ফোন-৭৩০০৪৬৬ (দপ্তর)।

সদয় জ্ঞাতার্থে ঃ
সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃঃ আঃ- যুগ্ম-সচিব, (প্রশাসন)।

P.T.O

Letter-3doc

৩৭৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি অনুবিভাগ
প্রবিধি অধিশাখা-৩

নং-অম/অবি/প্রবিধি-৩/বিভা-০২/২০০৭/ ৩১৫ তারিখঃ ৩১/০৩/২০১০ ইং।

বিষয় ঃ স্থানান্তরকালে ( In transit ) কারা বন্দীদের খোরাকী ভাতা প্রতিদিন ৪ x ২ = ৮/-টাকার স্থলে ১৬/- টাকায় উন্নীতকরন সম্পর্কিত।

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং- স্বঃমঃ(কারা-২)১পি-২৬/৮৯/৮২, তারিখঃ ০৯/০৩/২০১০ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে স্থানান্তরকালে ( In transit ) কারা বন্দীদের খোরাকী ভাতা প্রতিদিন ৪/- x ২ = ৮/-টাকার স্থলে ১৬/- (ষোল) টাকায় উন্নীতকরনে অর্থ বিভাগের সম্মতি নির্দেশক্রমে জ্ঞাপন করা হ'ল।

৩১/০৩/২০১০

(মোঃ সহিদউল্লাহ)
উপ-সচিব
ফোন-৯৫৫৬৩০১
e-mail: mshahidullah2 @finance.gov.bd

সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ রুখসানা হাসিন, সিনিয়র সহকারী সচিব( কারা শাখা-২)।

৪/৪/১০

----------- কারাগারের --------- মাসের "কর ব্যতীত রাজস্ব আয়" (Non Tax Revenue) এর প্রতিবেদন

| ১৮১৬-ফার্ম ও কোম্পানীসমূহের রেজিঃ ফি | ২০৩১-পরীক্ষা ফি | ২০৩৭-সরকারী যানবাহনের ব্যবহার | ২৩০১-কারাগারে উৎপাদিত দ্রব্যাদি | ২৩০৬-রেশন দ্রব্যাদি | ২৩৬৬-টেন্ডার ও অন্যান্য দলিলপত্র | ২৩৭১-অব্যবহৃত দ্রব্যাদি,ক্র্যাপ ইত্যাদি | ২৩৭৬-বিবিধ অবাণিজ্যিক বিক্রয় | ২৬৭১-অতিরিক্ত প্রদত্ত টাকা | ২৬৮১-বিবিধ রাজস্ব ও প্রাপ্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

NTR-15(New)

সর্বোচ্চ অগ্রাধিকার

পাবনা জেলা কারাগার

| | |
|---|---|
| জেল সুপার | |
| জেলার | |
| ডকেট নং- | তাং- |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
স্ট্যাম্প প্রশাসন শাখা

নং-০৮.০০.০০০০.০৪০.[illegible]০০৩.১১.৮৯

তারিখ ঃ ২৭ আষাঢ়, ১৪১৯ বঃ / ১১ জুলাই, ২০১২ খ্রিঃ

বিষয় ঃ অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে The Stamp Act, 1899 এর সংশোধিত শুল্ক(Duty) কার্যকর।

সরকার নন-এনবিআর ট্যাক্স রেভিনিউ খাত হতে রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষ্যে অর্থ আইন, ২০১২ এর মাধ্যমে Stamp Act, 1899 (Act,II of 1899) এর ধারা-৪(১) ও ধারা-৩০ এবং Schedule-I এর ৬৫টি এন্ট্রির মধ্যে ৪১টি এন্ট্রিতে বর্ণিত শুল্ক(Duty) পুনঃ নির্ধারণপূর্বক ০১ জুলাই, ২০১২ তারিখে কার্যকর করেছে।

(ক) ধারা-৪(১) ও ধারা-৩০ এর সংশোধিত শুল্ক(Duty ঃ

| Section | Contents | Duties from 01-7-12 |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 4(1) | Several instruments used in single transaction of sale, mortgagee or settlement | 300/- |
| 30 | Obligation to give receipt in certain cases | 400/- |

(খ) Schedule-I এর ৬৫টি এন্ট্রির মধ্যে নিম্নবর্ণিত ৪১টি এন্ট্রির বিপরীতে বর্ণিত সংশোধিত শুল্ক(Duty ঃ

| Schedule-I এর S.l no. | Contents | Duties from 01-7-12 |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 01. | Acknowledgement | 10 Tk |
| 02. | Administration Bond | (a) 50 Tk, (b) 200 Tk |
| 04. | Affidavit | 200 Tk |
| 05. | Agreement or memorandum of an agreement | (a) 50 Tk, (b) 200 Tk, (c) 300 Tk |
| 07. | Appointment | 200 Tk |
| 08. | Appeasement | (b)(c) 150 Tk |
| 09. | Apprenticeship Deed | 150 Tk |
| 10. | Articles of association | (a) 3000 Tk, (b) 8000 Tk, (c) 20,000 Tk, (d) 2000 Tk |
| 14. | Bill of lading | (a) 50 Tk, (b) 100 Tk, (c) 500 Tk |
| 15. | Bond | 50 Tk |
| 17. | Cancellation instrument | 200 Tk |
| 18. | Certificate of sale | (a) 100 Tk. |
| 20. | Charter party | 500 Tk |
| 22. | Composition deed | 200 Tk |
| 24. | Copy | (i) 30 Tk, (ii) 50 Tk |
| 25. | Counterpart | (b) 100 Tk |
| 26. | Customs Bond | (a) 1000 Tk, (b) 2000 Tk |
| 28. | Delivery Order | 50 Tk |
| 30. | Permission (practice as an ADVOCATE) | 1500 Tk |
| 37. | Letter of credit | 300 Tk |
| 38. | Letter of license | 300 Tk |
| 39. | Memorandum of association of a company | (a) 1000 Tk, (b) (i) 2000 Tk, (ii) 3000 Tk |

চলমান পাতা-০২